

20 জানুয়ারির মধ্যে কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন করুন!

প্রিয় পরিবারবর্গ,

কিন্ডারগার্টেনে ইতোমধ্যে আবেদন করেছেন কি? মনে রাখবেন - আপনি এই একই আবেদনপত্রে কিন্ডারগার্টেনের গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (G&T) প্রোগ্রামগুলোও যোগ করতে পারেন। আবেদনের শেষ সময় 20 জানুয়ারি!

আপনি তিনটি উপায়ের একটির মাধ্যমে আপনার আবেদন জমা দিতে পারেন:

- অনলাইনে [MySchools.nyc](https://www.schools.nyc.gov)-এর মাধ্যমে—শুপারিশকৃত! আপনার অ্যাকাউন্ট আজই তৈরি করুন। এলিমেন্টারি স্কুলগুলো খুঁজতে, আপনার সন্তানের আবেদনপত্রের জন্য চমৎকার সব পছন্দ বেছে নিতে, কিন্ডারগার্টেনে আবেদন করতে, এবং আপনার সন্তানের অফার পেতে আপনি মাইস্কুলস ব্যবহার করবেন। আপনার মাইস্কুলস অ্যাকাউন্ট কীভাবে তৈরি করতে হবে এবং কীভাবে আবেদন করতে হবে তা জানতে এই ভিডিও টিউটোরিয়ালগুলো দেখুন।
- ফোনে 718-935-2009 নম্বরে। সোমবার থেকে শুক্রবার, 8 am থেকে 6 pm-এর মধ্যে আমাদের ফোন করুন।
- কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের সাথে যোগাযোগ করুন। কীভাবে করতে হবে, তা জানতে schools.nyc.gov/FWC দেখুন।

আমরা আপনার ভাষায় কথা বলি! আপনি যদি অনলাইনে আবেদন করেন, তাহলে ইংরেজি, আরবি, বাংলা, চাইনিজ, ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ, অথবা উর্দু ভাষায় আবেদনপত্র পাওয়া যাবে। ফোনে বা সশরীরে, 200-টির বেশি ভাষায় দোভাষী পরিষেবা পাওয়া যাবে: একজন দোভাষীর জন্য অনুরোধ করতে ভুলবেন না।

কিন্ডারগার্টেনে ভর্তি বা অ্যাডমিশন্স সম্পর্কে সর্বসাম্প্রতিক তথ্যের জন্য অনুগ্রহ করে schools.nyc.gov/Kindergarten দেখুন। আরও প্রশ্ন আছে কি? সহায়তা দেয়ার জন্য আমরা আপনার পাশে আছি। আমাদের ফোন করুন (উপরে দেখুন) অথবা ESenrollment@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

ধন্যবাদ!

কিন্ডারগার্টেন অ্যাডমিশন্স টিম

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের কিন্ডারগার্টেনে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না।

আপনি যদি আমাদের কোনো একটি অথবা সবগুলো মেইলিং লিস্ট থেকে আর কোনও ইমেইল পেতে না চান, তবে আনসাবসক্রাইব করতে অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।